# সর্বস্বান্ত

অলিন্দে এল স্বর্বেশ্যারা,
দুয়েক পশলা বৃষ্টি পর
স্বচ্ছ হয়েছে আকাশ, এখন
শুধু চেয়ে - চেয়ে দেখার প্রহর।

কি এসে বলল অপূর্ব নাকি
ওই মেয়েদের দীঘ বিনুনি,
সূর্য নিজেকে বিদীর্ণ করে
হয়েছে হঠাৎ ওদের চিনি।

অথচ য়ুর পুচ্ছ না লিখে
আমি কেন আজ লিখেছি 'বর্হ'
ভাবতে ভাবতে মাথা নিচু করে
নিজের সঙ্গে বাধাই কলহ।

ডাহুক পাখিটা যতই ডাকুক
তার জায়গায় আরেক শব্দ
খুঁজতে খুজতে হেঁটে যাই, থাকে
সেই বিকল্প অপরিকল্প।

অগত্যা ফিরে প্রাণপণে আমি
মাথা তুলে কিছু দেখার আশেই,
কিন্তু তখন অলিন্দে আর
স্বর্বেশ্যারা কোথাও নেই!

অলোকরঞ্জন দাশগুপ্ত



Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com